



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া।




বিজ্ঞপ্তি নং- সশাসুক/বগ/২০২৩/১০৪০

তারিখ : ২১/০৩/২০২৩ খ্রিঃ


এতদ্বারা অত্র কলেজের সম্মানিত শিক্ষকবৃন্দ, সকল শিক্ষার্থী ও কর্মচারী এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, পবিত্র রমজান, স্বাধীনতা ও জাতীয় দিবস (২৬ মার্চ), পূণ্য শুক্রবার (০৭ এপ্রিল), ইস্টার সানডে (০৯ এপ্রিল), বৈসাবি ও পার্বত্য চট্টগ্রামের অন্যান্য ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অনুরূপ সামাজিক উৎসব (১২ এপ্রিল ও ১৫ এপ্রিল), বাংলা নববর্ষ (১৪ এপ্রিল) শব-ই-ক্বদর (১৯ এপ্রিল চাঁদ দেখার উপর নির্ভরশীল), জুমাতুল বিদা (২১ এপ্রিল চাঁদ দেখার উপর নির্ভরশীল), ঈদ-উল-ফিতর (২২ এপ্রিল চাঁদ দেখার উপর নির্ভরশীল) ও গ্রীষ্মকালীন অবকাশ উপলক্ষে ২৩/০৩/২০২৩ ইং তারিখ বৃহস্পতিবার থেকে ২৭/০৪/২০২৩ ইং তারিখ বৃহস্পতিবার পর্যন্ত কলেজের ক্লাসসমূহ স্থগিত থাকবে। আগামী ৩০/০৪/২০২৩ থেকে ক্লাসসমূহ যথারীতি চলবে। সরকারি ছুটির দিন ব্যতীত কলেজ অফিস ও বিভাগীয় অফিস সমূহের স্বাভাবিক কার্যক্রম যথারীতি চলবে।

বি. দ্র. ২৫ মার্চ গণহত্যা দিবস পালন এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০২৩ উদ্‌যাপন কর্মসূচি যথারীতি চলবে। সম্মানিত শিক্ষক, ছাত্র-ছাত্রী, কর্মচারী ও সংশ্লিষ্ট সকলকে উক্ত কর্মসূচিতে যথাসময়ে অংশগ্রহণ করতে বলা হলো।

  
২১/৩/২০২৩  
অধ্যক্ষ

সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া।

অধ্যক্ষ  
সরকারি শাহ সুলতান কলেজ  
বগুড়া।

  
২১/৩/২০২৩

অনুলিপি:

১. উপাধ্যক্ষ।
২. সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ।
৩. সম্মানিত বিভাগীয় প্রধান (সকল), অত্র কলেজ।
৪. পরিবহন কমিটি, অত্র কলেজ।
৫. কলেজ ওয়েব সাইট।
৬. নোটিশ বোর্ড।
৭. অফিস নথি।